গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা
মিশন শাখা
www.probashi.gov.bd

স্মারক নং-৪৯.০০.০০০০.০১৯.১১.০১০.২৪-১৯০ তারিখঃ ০৯-০৬-২০২৪ খ্রি.

বিজ্ঞপ্তি

বিষয়ঃ বিদেশস্থ বাংলাদেশ মিশনের বিভিন্ন শ্রম কল্যাণ উইং এ মিনিস্টার (শ্রম), কাউন্সেলর (শ্রম), ও প্রথম সচিব (শ্রম) পদে নিয়োগ

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন বিদেশস্থ বাংলাদেশ মিশনের ছকে বর্ণিত শ্রম কল্যাণ উইং এ মিনিস্টার (শ্রম), কাউন্সেলর (শ্রম) ও প্রথম সচিব (শ্রম) পদে কর্মকর্তা নিয়োগের জন্য যোগ্য ও আগ্রহী বাংলাদেশ সিভিল সার্ভিসের কর্মকর্তাদের নিকট হতে সংযুক্ত 'জীবন বৃত্তান্ত ছক' অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিম্নোক্ত বিবরণ ও শর্তাধীনে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

পদের নাম	দূতাবাস/হাইকমিশন	পদের সংখ্যা	যোগ্যতা	কাজের বিবরণ
মিনিস্টার (শ্রম)	১) কুয়ালালামপুর- মালয়েশিয়া ২) মানামা-বাহরাইন ৩) রিয়াদ-সৌদি আরব	০৩ (তিন) টি	জাতীয় বেতন স্কেলের ৩য় গ্রেড প্রাপ্ত এবং ন্যুনতম ১৫ বছরের চাকুরির অভিজ্ঞতা সম্পন্ন বাংলাদেশ সিভিল সার্ভিসের কর্মকর্তাগণ আবেদন করতে পারবেন	বাংলাদেশ হতে সংশ্লিষ্ট দেশে নতুন কর্মী নিয়োগের উদ্যোগ গ্রহণ, নতুন শ্রম বাজার অনুসন্ধান, বিদ্যমান শ্রম বাজার সংরক্ষণ ও সম্প্রসারণ, বিদেশে কর্মরত অভিবাসী কর্মীদের কল্যাণে কার্যক্রম গ্রহণ এবং রেমিটেন্স প্রেরণে সহায়তা প্রদান। সরকার কর্তৃক সময় সময় অর্পিত অন্যান্য দায়িত্ব পালন
কাউন্সেলর (শ্রম)	১) কুয়েত সিটি -কুয়েত ২) ত্রিপলী-লিবিয়া	০২ (দুই) টি	জাতীয় বেতন স্কেলের ৫ম গ্রেড প্রাপ্ত এবং ন্যুনতম ১০ বছরের চাকুরির অভিজ্ঞতা সম্পন্ন বাংলাদেশ সিভিল সার্ভিসের কর্মকর্তাগণ আবেদন করতে পারবেন	
প্রথম সচিব (শ্রম)	১) জেদ্দা-সৌদি আরব ২) সিঙ্গাপুর ৩) মিলান-ইতালি ৪) দোহা-কাতার ৫) এথেন্স-গ্রীস ৬) মস্কো-রাশিয়া ৭) জেনেভা-সুইজারল্যান্ড ৮) কায়রো-মিশর ৯) আবুধাবী-সংযুক্ত আরব আমিরাত	০৯ (নয়) টি	জাতীয় বেতন স্কেলের ৬ষ্ঠ গ্রেড প্রাপ্ত এবং উক্ত গ্রেডে কমপক্ষে ০২ (দুই) বছরের চাকরির অভিজ্ঞতা সম্পন্ন বাংলাদেশ সিভিল সার্ভিসের কর্মকর্তাগণ আবেদন করতে পারবেন। (৬ষ্ঠ গ্রেড প্রাপ্তির প্রজ্ঞাপনের সত্যায়িত অনুলিপি আবেদনের সঙ্গে সংযুক্ত করতে হবে)	

শর্তাবলী :

০১। বাংলাদেশ সিভিল সার্ভিসে কর্মরত যোগ্য ও আগ্রহী কর্মকর্তাগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আগামী ৩০-০৭-২০২৪ তারিখের মধ্যে 'জীবন বৃত্তান্ত ছক' (সংযোজনী-১) পুরণপূর্বক শিক্ষাগত যোগ্যতার সনদপত্রসমূহের সত্যায়িত ছায়ালিপি ও ০২ (দুই) কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবিসহ **সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০** বরাবর আবেদন করতে হবে ;

০২। শিক্ষাগত যোগ্যতার ফলাফলে জিপিএ উল্লেখ থাকলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত রুপান্তরিত ডিভিশন/শ্রেণী দাখিল করতে হবে;

চলমান পাতা

০৩। বেসরকারি বিশ্ববিদ্যালয় অথবা বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান থেকে অর্জিত উচ্চ শিক্ষা সংক্রান্ত ডিগ্রির সনদ আবেদনপত্রের সাথে দাখিল করলে উক্ত ডিগ্রির সমতা সংক্রান্ত সংশ্লিষ্ট কর্তৃপক্ষ (শিক্ষা মন্ত্রণালয়/ইউজিসি) এর প্রত্যয়নপত্র আবেদনের সাথে দাখিল করতে হবে;

০৪। নির্ধারিত সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর অথবা যথাযথ কর্তৃপক্ষের অগ্রায়ণ ব্যতিত সরাসরি প্রাপ্ত কোন আবেদনপত্র বিবেচিত হবে না এবং ভুল বা অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে;

০৫। এ নিয়োগে মন্ত্রিপরিষদ বিভাগের পরিপত্রের নির্দেশনাবলী অনুসরণ করা হবে;

০৬। যে সকল কর্মকর্তা ইতোপূর্বে প্রেষণে বা সরকারি পদে বিদেশে চাকরি করেছেন, চাকরি শেষে দেশে প্রত্যাবর্তনের ০৩ (তিন) বছরের মধ্যে তাঁরা আবেদন করতে পারবেন না। বিদেশে বাংলাদেশ দূতাবাস/হাইকমিশনে সমমর্যদার পদে যারা ইতোপূর্বে চাকরি করেছেন তাঁরাও আবেদন করার যোগ্য বিবেচিত হবেন না;

০৭। যে সকল কর্মকর্তার সরকারি চাকরির অবশিষ্ট মেয়াদ এ আবেদন গ্রহণের শেষ তারিখ হতে ৪ (চার) বছরের কম তাঁরা আবেদন করার যোগ্য বিবেচিত হবেন না;

০৮। প্রার্থীত মিশনের নাম সুনির্দিষ্টভাবে জীবন বৃত্তান্ত ছকে উল্লেখ করতে হবে। তবে কোন মিশনে পদায়ন করা হবে তা কর্তৃপক্ষের এখতিয়ারধীন। একাধিক মিশনের জন্য আগ্রহী হলেও একটির বেশি আবেদন করার প্রয়োজন নেই;

০৯। যাদের সন্তান সংখ্যা ০২ (দুই) এর অধিক তাদের আবেদন বিবেচিত হবে না;

১০। বিশেষ পরিস্থিতিতে বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস বা বৃদ্ধি করা হতে পারে।

২/৬/২০২৪
দীপক কুমার রায়
উপসচিব
ফোনঃ ৪১০৩০২৪২
dsmission@probashi.gov.bd

নং-৪৯.০০.০০০০.০১৯.১১.০১০.২৪-১৯০ (১২) তারিখঃ ০৯-০৬-২০২৪খ্রি.

বিতরণঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
০২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। সিনিয়র সচিব--মন্ত্রণালয়/বিভাগ (তাঁর আওতাধীন সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অবহিত করার জন্য বিনীত অনুরোধ করা হলো)
০৪। সচিব--মন্ত্রণালয়/বিভাগ (তাঁর আওতাধীন সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অবহিত করার জন্য বিনীত অনুরোধ করা হলো)
০৫। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ (তাঁর আওতাধীন সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)
০৬। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)
০৭। সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৮। সিনিয়র সিস্টেমস এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (বিজ্ঞপ্তিটি জীবন-বৃত্তান্ত ছকসহ জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
০৯। প্রোগ্রামার, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (বিজ্ঞপ্তিটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১০। যুগ্মসচিব (মিশন ও কল্যাণ) এঁর ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১১। যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ) এঁর ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১২। অফিস কপি

২/৬/২০২৪
দীপক কুমার রায়
উপসচিব

জীবন বৃত্তান্ত ছক

প্রার্থীত পদ ঃ

০১ নাম ও পরিচিতি নম্বর ঃ

০২ বর্তমান আবাসিক ঠিকানা ঃ

০৩ স্থায়ী ঠিকানা ঃ

০৪ জন্ম তারিখ ঃ

০৫ পদবি এবং বর্তমান কর্মস্থল ঃ

০৬ বর্তমান কর্মস্থলে যোগদানের তারিখ ঃ

০৭ বর্তমান গ্রেড ও বেতন স্কেল ঃ

০৮ প্রথম শ্রেণীর পদে যোগদানের তারিখ ঃ

০৯ ক) ক্যাডারের নাম ঃ

খ) ক্যাডারে যোগদানের তারিখ ঃ

গ) ক্যাডারে চাকরিকালের সঠিক মেয়াদ ঃ
(আবেদনপত্র জমা দেয়ার তারিখ পর্যন্ত)

১০ ইতোপূর্বে যে মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরে কাজ করেছেন তার মেয়াদসহ (তারিখ উল্লেখপূর্বক) বিবরণ ঃ

পদের নাম	অফিস	মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর	কর্মকাল	মন্তব্য

১১ শিক্ষাগত যোগ্যতা (এস.এস.সি হতে মাষ্টার্স ডিগ্রী পর্যন্ত প্রতিটি পরীক্ষায় অর্জিত শ্রেণী/বিভাগ উল্লেখ করতে হবে)ঃ

পরীক্ষার নাম	প্রতিষ্ঠানের নাম	পাসের সন	বোর্ড/বিশ্ববিদ্যালয়	অর্জিত শ্রেণী/ বিভাগ/সিজিপিএ	মন্তব্য

১২ প্রশিক্ষণ সংক্রান্ত বিবরণ ঃ

প্রশিক্ষণ	প্রশিক্ষণের নাম	ইনস্টিটিউশনের নাম	প্রশিক্ষণের মেয়াদ	বিদেশের ক্ষেত্রে প্রশিক্ষণ গ্রহণের দেশের নাম
(ক) স্থানীয়				
(খ) বিদেশী				

১৩ বাংলা ও ইংরেজী ছাড়া অন্যান্য ভাষায় দক্ষতা (যদি থাকে) (সার্টিফিকেট/ডিপ্লোমা ও মেয়াদ উল্লেখ করতে হবে ঃ

১৪ বিদেশে ইতোপূর্বে নিয়োগ/পদায়নকৃত হলে তার বিবরণ (যদি থাকে) ঃ

১৫ বিবাহিত/অবিবাহিত ঃ

১৬ সন্তান সংখ্যা (প্রত্যেক সন্তানের নাম ও জন্ম তারিখ উল্লেখ করতে হবে ঃ

১৭ প্রার্থীত পদ ও মিশনের নাম ঃ

১৮ অন্যান্য বিষয় (যদি থাকে) ঃ

(আবেদনকারীর নামসহ স্বাক্ষর)

ফোন :-
অফিস :-
বাসা :-
মোবাইল :-
ই-মেইল :-